2024/FYUG/ODD/SEM/
BNGAEC–101T/230

**FYUG Odd Semester Exam., 2024**

BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGAEC–101T

**( ভাষাতত্ত্ব ও উনিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৫০

উত্তীর্ণমান : ২০

*সময়* : ২ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) মৌলিক শব্দ কোন্ ভাষা থেকে গৃহীত?

(খ) 'অর্ধ-তৎসম' কোন্ শব্দের শ্রেণীতে পড়ে?

(গ) বাংলা ভাষায় ব্যবহৃত একটি আরবী শব্দের উল্লেখ করো।

(ঘ) 'আলমারি' শব্দটি বাংলায় কোন্ ভাষা থেকে এসেছে?

২। ওলন্দাজ ভাষা থেকে বাংলায় এসেছে এরূপ দুটি শব্দের উল্লেখ করো। ২

অথবা

৩। টীকা লেখো : ২

তদ্ভব শব্দ

৪। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত মৌলিক শব্দগুলির পরিচয় দাও। ৫

অথবা

৫। বাংলা ভাষা অপর যেসব ভাষার ঘনিষ্ঠ সম্পর্কে এসে বিদেশী শব্দ সঞ্চয় করেছে সেগুলির সংক্ষিপ্ত বিবরণ দাও। ৫

## UNIT—II

৬। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) কোন্ রীতিতে সমাসবদ্ধ পদের ব্যবহার নেই বললেই চলে?

(খ) সংস্কৃত ভাষার প্রতি আনুগত্য কোন্ রীতির প্রধান বৈশিষ্ট্য?

(গ) 'অকস্মাৎ' শব্দটি বাংলা গদ্যের কোন্ রীতিতে বহুল ব্যবহৃত?

(ঘ) 'তাদের' শব্দটিকে সাধুভাষায় পরিবর্তিত করো।

৭। চলিত ভাষায় দুটি ধন্যাত্মক শব্দের উল্লেখ করো। ২

অথবা

৮। সাধু রীতি থেকে চলিত রীতিতে দুটি ক্রিয়াপদের রূপান্তর দেখাও। ২

৯। চলিত রীতির পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ৫

অথবা

১০। সাধু রীতি ও চলিত রীতির পাঁচটি পার্থক্য উল্লেখ করো। ৫

## UNIT—III

১১। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) বাংলায় ব্যঞ্জনবর্ণ কয়টি?

(খ) আকাদেমি বানান অনুসারে কখন ব্যঞ্জনবর্ণ দ্বিত্ব হয়না?

(গ) 'অলঙ্কার' না 'অলংকার'—কোন্ বানানটির ব্যবহার আকাদেমি বানান মতে বাঞ্ছনীয়?

(ঘ) আকাদেমি বানান মতে, ব্যঞ্জনবর্ণের সঙ্গে স্বরচিহ্ন যোগের ক্ষেত্রে স্বরচিহ্নের কোন্ রূপটি গ্রহণীয়?





১২। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি অনুসারে বিদেশি বানানের ক্ষেত্রে 'ন' এবং 'ণ'-এর মধ্যে কোনটি ব্যবহৃত হবে? এর একটি উদাহরণ দাও। ২

অথবা

১৩। আকাদেমি বানান মতে, তৎসম শব্দের বানানে দীর্ঘস্বর না হ্রস্বস্বর গ্রহণ করা হয়? একটি শব্দের উল্লেখ করে বুঝিয়ে দাও। ২

১৪। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানানবিধির যে কোনো পাঁচটি বৈশিষ্ট্য লেখো। ৫

অথবা

১৫। অশুদ্ধি সংশোধন করো (যে কোনো পাঁচটি) : ১×৫=৫

কৌতুহল ; উচ্ছাস ; গীতাঞ্জলী ; বিদ্যান ; ভৌগলিক ; প্রাঙ্গন ; কাঙ্খিত।

## UNIT—IV

১৬। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'বঙ্গভাষা' কবিতাটির কবি কে?

(খ) 'মায়ের দেওয়া মোটা কাপড়' কবিতাটি কার লেখা?

(গ) "জননী আমার! চরণে তোমার / করিছে প্রণতি এ দীনভক্ত,"—কোন্ কবিতার অংশ?

(ঘ) 'স্বাধীনতা সঙ্গীত' কবিতাটি কোন্ ধরনের কবিতা?

১৭। 'স্বাধীনতা সঙ্গীত' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? কাব্যগ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? ২

অথবা

১৮। ‘‘পরের জিনিস কিনবো না, যদি/মায়ের ঘরের জিনিস পাই।’’ এখানে ‘পরের’ এবং ‘মায়ের ঘরের’ বলতে কী বোঝানো হয়েছে? ২

১৯। ‘বাণীবন্দনা’ কবিতাটির সারমর্ম লেখো। ৫

অথবা

২০। ‘মায়ের দেওয়া মোটা কাপড়’ কবিতাটির মধ্য দিয়ে দেশপ্রেমের যে পরিচয় ফুটে উঠেছে তা আলোচনা করো। ৫

## UNIT—V

২১। নিম্নলিখিত যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(খ) ‘‘কাপালিক মনুষ্য, আমিও মনুষ্য।’’ উক্তিটি কার?

(গ) কাপালিকের পালিতা কন্যার নাম কী?

(ঘ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের নায়ক কে?

২২। নবকুমার কোথায়, কাদের দ্বারা পরিত্যক্ত হয়েছিল? ২

অথবা

২৩। ‘‘কোথা যাইতেছ? যাইও না। ফিরিয়া যাও—পলায়ন করো।’’ উক্তিটি কে, কাকে করেছিল? ২

২৪। ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের প্রথম খণ্ড অবলম্বনে কাপালিকের চরিত্রটি বিশ্লেষণ করো। ৫

অথবা

২৫। ‘‘পথিক, তুমি পথ হারাইয়াছ?’’ উক্তিটির আলোকে উপন্যাসে বর্ণিত ঘটনার বিবরণ দাও। ৫

★ ★ ★

J25—13100/**555**

2024/FYUG/ODD/SEM/
BNGAEC–101T/230

Leaminfo

Scanned with OKEN Scanner